গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

উদ্ভাবনী ধারণা (Innovation Idea) প্রস্তাবনা ফরম (২০১৬)

ক্র.ন.	**সাধারণ তথ্যাবলী**	
১.	আবেদনকারীর নাম	**মো. লুৎফর রহমান**
২.	আবেদনকারী প্রতিষ্ঠানের নাম	উপজেলা শিক্ষা অফিস, পটুয়াখালী সদর, পটুয়াখালী।
৩.	ঠিকানা	উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, উপজেলা কমপ্লেক্স, উপজেলা: পটুয়াখালী সদর, জেলা: পটুয়াখালী।
৪.	ফোন/ মোবাইল নাম্বার	01712310058
৫.	ই-মেইল	ueoptksadar@gmail.com
	প্রকল্প প্রস্তাবনা	
৬.	প্রকল্পের নাম	**নিজস্ব ব্যবস্থাপনায় কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচি**
৭.	প্রকল্পের সারাংশ (অনধিক ৫০ শব্দে)	উপজেলার ২০৬ টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১০৩ টি প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ সরবরাহ করা হয়েছে। তাই শিক্ষকদের এ বিষয়ে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। ডিজিটাল বাংলাদেশ গঠনের লক্ষ্যে সরকারের দেওয়া ল্যাপটপ ও মাল্টিমিডিয়ার ব্যবহার বিদ্যালয় পর্যায়ে ফলপ্রসূ করতে গত ৩১ আগস্ট ২০১৫ সাল থেকে পটুয়াখালী সদর উপজেলার শিক্ষা অফিসে নিজস্ব ব্যবস্থাপনায় এই প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে এবং এর ফলাফল ও প্রভাব সকল মহলে স্পষ্ট ও প্রসংশিত। এরই ধারাবাহিকতায় আরও ব্যপকভাবে প্রশিক্ষণ পরিচালনা করে বিদ্যালয় পর্যায়ে প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করার প্রচেষ্টা নেওয়া বিশেষ প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।
৮.	প্রকল্পের যৌক্তিকতা	২০১৭ সালের ৬ ডিসেম্বর পটুয়াখালী সদর উপজেলার ৮৪ টি প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ বিতরণ করা হলেও অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ শুরু করা সময় সাপেক্ষ। আবার যারা প্রশিক্ষণ পেয়েছেন তাদের নিয়মিত চর্চা করা দরকার। এই প্রেক্ষিতে সপ্তাহে দুই দিন ২ ঘন্টা প্রশিক্ষণ পরিচালনা করলে শিক্ষবৃন্দ নতুন বিষয় শেখার পাশাপাশি সম্মুখীন হওয়া সমস্যাসমূহ আলোচনার মাধ্যমে সমাধান করতে পরবে। এছাড়া শিক্ষকদের ১ সপ্তাহের এসাইনমেন্ট দেওয়া হলে তারা তা করতে আগ্রহী ও তৎপর হবেন। এসকল কারণে প্রশিক্ষণটি পরিচালনার প্রবল যৌক্তিকতা রয়েছে।

৯.	প্রকল্পের সুবিধাভোগী	উপজেলার ১০৩ টি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ২০৬ জন শিক্ষকসহ আগ্রহী যে কোন শিক্ষক।
১০.	সংক্ষেপে প্রকল্পের ফলাফল (Output)	প্রশিক্ষণ শেষে শিক্ষকবৃন্দ ল্যাপটাপের যথাযথ রক্ষণাবেক্ষণ ও ব্যবহার করতে শিখবে। ল্যাপটপ ব্যবহার করে ডিজিটাল কনটেন্ট তৈরি করে শ্রেণিকক্ষে ব্যবহার করতে পারবে ও শিক্ষক বাতায়নের সদস্য হয়ে কনটেন্ট আপলোড করতে পারবে। বিদ্যালয়ের তথ্য অনলাইনে ও অফলাইনে প্রদান করতে পারবে। বিদ্যালয়ের শিখন শেখানো কার্যক্রম আনন্দঘন হবে।
১১.	প্রাথমিক শিক্ষায় প্রকল্পের প্রভাব (Impact)	ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সহায়তা করবে। বিদ্যালয় পর্যায়ে প্রযুক্তি ব্যাবহার নিশ্চিত হবে। শিক্ষার গুণগতমান বৃদ্ধি পাবে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষবৃন্দ আধুনিক প্রযুক্তি ব্যবহারে অভ্যস্ত হবেন।
১২.	প্রকল্পের মেয়াদ (মাস)	১২ মাস (জানুয়ারি ২০১৮ থেকে ডিসেম্বর ২০১৮)
১৩.	পূর্বে আপনার জানামতে এই বিষয়ে কোন প্রকল্প আছে কি না?	নাই
১৪.	সংক্ষেপে কর্মপরিকল্পনা (বিস্তারিত কর্মপরিকল্পনা প্রকল্প প্রস্তাবনার সাথে সংযুক্ত করুন)	বছরের শুরুতেই প্রতি বিদ্যালয় থেকে দুইজন শিক্ষক নির্বাচন করে তাদের প্রশিক্ষণ দেওয়া হবে। সপ্তাহে ২ দিন ২ ঘন্টা করে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষক থাকবেন দক্ষ সহকারী উপজেলা শিক্ষা অফিসার ও দক্ষ শিক্ষকবৃন্দ। উপজেলা শিক্ষা অফিসের মাল্টিমিডিয়া ও ল্যাপটপ ব্যবহার করা হবে।
১৫.	কর্মপরিকল্পনার উল্লেখ্যযোগ্য ধাপসমূহ	ধাপ-১: জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রাপ্ত বিদ্যালয়ের তালিকা তৈরি ও প্রতি বিদ্যালয় থেকে দুই জন শিক্ষক নির্বাচন করে তাদের তালিকা তৈরি। ধাপ-২: জানুয়ারির ২য় সপ্তাহে স্বেচ্ছাসেবক প্রশিক্ষক নির্বাচন, সিলেবাস প্রণয়ন, প্রশিক্ষণ স্থল নির্বাচন ও প্রশিক্ষণ উদ্বোধনের প্রস্তুতি গ্রহণ। ধাপ-৩: জানুয়ারির ৩য় সপ্তাহে প্রশিক্ষণের উদ্বোধন ও শিক্ষকের তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ। ধাপ-৪: সপ্তাহের প্রতি সোমবার ও বৃহস্পতিবার বেলা ২:৩০ থেকে ৪:৩০ (শীতকালীন) বা বেলা ৩:০০ থেকে ৫:০০ (গ্রীষ্মকালীন) সময় নির্ধারিত স্থানে প্রশিক্ষণ পরিচালনা। ধাপ-৫: অনলাইনে প্রদত্ত প্রতি সপ্তাহের অ্যাসাইনমেন্ট সংগ্রহ ও বিশ্লেষণ করা। ধাপ-৬: প্রশিক্ষণের ফলাফল বিশ্লেষণ ও পরবর্তী বছরের পরিকল্পনা গ্রহণ।
১৬.	কী কারণে এই প্রকল্পটিকে উদ্ভাবনী (সময়, খরচ ও ভিজিটের আলোকে) বলে গণ্য করা হবে (সংক্ষেপে বর্ণনা করুন)	প্রথমত এটি পরিচালনায় সামান্য অর্থের প্রয়োজন হবে। শিক্ষকবৃন্দ বিভিন্ন প্রশিক্ষণ সেন্টারে বিচ্ছিন্নভাবে প্রশিক্ষণ নিতে গেলে তাদের অতিরিক্ত সময় ও অর্থ প্রয়োজন হবে। তাছাড়া কোন প্রশিক্ষণ সেন্টারেই শুধু বিদ্যালয়ের প্রয়োজন অনুসারে প্রশিক্ষণ প্রদান করে না। তাই এই প্রশিক্ষণ অর্থ সময় ও শ্রমের লাঘব করবে। অনুশীলনের ক্ষেত্র তৈরি করবে।
১৭.	প্রকল্পটি কি সম্প্রসারণযোগ্য?	হ্যাঁ
১৮.	প্রকল্পটি কীভাবে টেকসই হবে? (সংক্ষেপে ব্যাখ্যা করুন	এই প্রক্রিয়ার সাথে উপজেলা শিক্ষা অফিসের কর্তকর্তাবৃন্দ সরাসরি সম্পৃক্ত হবেন। এবং তারা ও দক্ষ শিক্ষকবৃন্দ প্রশিক্ষক হবেন । ফলে এখান থেকেই দক্ষ শিক্ষক তৈরি হবে এবং তারাই এই প্রশিক্ষণ চালিয়ে নিবে। যেহেতু অর্থের সংশ্লেষ খুবই

		কম তাই বাস্তবায়ন সহজ হবে। তাছাড়া প্রশিক্ষক, প্রশিক্ষনার্থীদের সাথে প্রশিক্ষণের বাইরেও পেশাগত যোগাযোগ হবে বিধায় এটি টেকসই হবে।
১৯.	প্রকল্পটি বাস্তবায়নে কী কী ঝুঁকির সম্ভাবনা আছে? কীভাবে তা নিরসন করা হবে?	প্রশিক্ষণ পরিচালনার ক্ষেত্রে কিছু ঝুঁকি থাকতে পারে। শিক্ষকের অনিহা, প্রযুক্তির প্রতি ভয় এবং শিক্ষকের যাতায়াত খরচ ইত্যাদি ঝুঁকি রয়েছে। তাছাড়া প্রশিক্ষকদের অন্যান্য প্রশিক্ষণ থাকতে পারে। সেক্ষেত্রে শিক্ষকদের উৎসাহিত করা, এবং বিকল্প প্রশিক্ষক তৈরি করতে হবে।

	জনবল পরিকল্পনা	
২০.	প্রকল্পটি বাস্তবায়নে জনবল পরিকল্পনা (কত জন, কী কাজে, কত দিন নিযুক্ত থাকবেন?	নতুন জনবল প্রয়োজন হবে না। সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার প্রশিক্ষণ কোঅর্ডিনেটরের দায়িত্ব পালন করবেন। দক্ষ সহকারী উপজেলা শিক্ষা অফিসারবৃন্দ ও শিক্ষকবৃন্দ প্রশিক্ষকের দায়িত্ব পালন করবেন। শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করবেন। শিক্ষা অফিসের কর্মচারিবৃন্দ সাপোর্ট স্টাফ হিসেবে স্বেচ্ছায় কাজ করবেন।
	প্রয়োজনীয় বাজেট (সর্বোচ্চ ৫০,০০০ টাকা)	
২১.	জনবল বাজেট (প্রযোজ্য ক্ষেত্রে	নাই।
২২.	বাস্তবায়ন বাজেট (প্রযোজ্য ক্ষেত্রে)	৩০,০০০.০০ (ত্রিশ হাজার টাকা মাত্র)
	প্রস্তাবনার সাথে প্রয়োজনীয় সংযুক্তি (ঐচ্ছিক) (প্রদান করলে টিক দিন)	
২৩.	খাতভিত্তিক ব্যয় বিভাজন	√
২৪.	জনবল পরিকল্পনা (বিস্তারিত)	প্রজোয্য নয়
২৫.	সময় আবদ্ধ কর্মপরিকল্পনা (বিস্তারিত)	√
২৬.	প্রশিক্ষণের সিলেবাস	√

মো. লুৎফর রহমান

(স্বাক্ষরিত)

তারিখ: ১৮ জানুয়ারি ২০১৮ প্রস্তাবকারীর নাম ও স্বাক্ষর গ্রহণকারীর স্বাক্ষর ও সিল

পরিশিষ্ট-১

নিজস্ব ব্যবস্থাপনায় কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচি (উদ্ভাবনী ধারণা) এর

খাতভিত্তিক আয়- ব্যয় বিভাজন (বাজেট)

প্রাক্কলিত আয়ের বিবরণ			প্রাক্কলিত ব্যয়ের বিবরণ					
ক্র. ন.	আয়ের উৎস	টাকার পরিমাণ	ক্র. ন.	কার্যক্রমের বিবরণ	পরিমাণ / সংখ্যা	একক ব্যয়	মোট ব্যয়	মন্তব্য
১	ইনোভেশন গ্রান্ড	৩০০০০	১	ব্যানার	১	৬০০	৬০০	
			২	ইন্টারনেট মডেম চার্জ (১২ মাস)	১২	৪০০	৪৮০০	
			৩	ভেন্যু ব্যবস্থাপনা	১	৪০০০	৪০০০	
			৪	মাল্টিপ্লাগ	৬	৫০০	৩০০০	
			৫	প্রশিক্ষকের নাস্তা বাবদ (৪০ সপ্তাহ)	৪০	২০০	৮০০০	
			৬	যোগাযোগ ও যাতায়াত	১	৪০০০	৪০০০	
			৭	স্টেশনারি (ফরম ও অন্যান্য)	২	২০০০	৪০০০	
			৮	বিবিধ	১	১৬০০	১৬০০	
	সর্বমোট আয়	৩০০০০		সর্বমোট ব্যয়			৩০০০০	

কথায়: টাকা ত্রিশ হাজার মাত্র

পরিশিষ্ট-২

সময় আবদ্ধ কর্মপরিকল্পনা

বছরের শুরু থেকে সপ্তাহের প্রতি সোমবার প্রথম ব্যাচ ও বৃহস্পতিবার দ্বিতীয় ব্যাচে অংশগ্রহণকারী শিক্ষককে ২ ঘণ্টা ব্যাপি কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।

ধাপ-১: জানুয়ারি ২০১৮ খ্রি. মাসের প্রথম সপ্তাহে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া প্রাপ্ত বিদ্যালয়ের তালিকা তৈরি ও প্রতি বিদ্যালয় থেকে দুই জন শিক্ষক নির্বাচন করে তাদের তালিকা তৈরি।

ধাপ-২: জানুয়ারি ২০১৮ খ্রি. এর ২য় সপ্তাহে স্বেচ্ছাসেবক প্রশিক্ষক নির্বাচন, সিলেবাস প্রণয়ন, প্রশিক্ষণ স্থল নির্বাচন ও প্রশিক্ষণ উদ্বোধনের প্রস্তুতি গ্রহণ।

ধাপ-৩: জানুয়ারি ২০১৮ খ্রি. এর ৩য় সপ্তাহে প্রশিক্ষণের উদ্বোধন ও শিক্ষকের তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ।

ধাপ-৪: জানুয়ারি ২০১৮ খ্রি. মাসের তৃতীয় সপ্তাহ থেকে প্রতি সোমবার ও বৃহস্পতিবার বেলা ২:৩০ থেকে ৪:৩০ (শীতকালীন) বা বেলা ৩:০০ থেকে ৫:০০ (গ্রীষ্মকালীন) সময় নির্ধারিত স্থানে প্রশিক্ষণ পরিচালনা করা হবে।

ধাপ-৫: অনলাইনে প্রদত্ত প্রতি সপ্তাহের অ্যাসাইনমেন্ট সংগ্রহ ও বিশ্লেষণ করা হবে।

ধাপ-৬: ডিসেম্বর ২০১৮ খ্রি. মাসের শেষ সপ্তাহে প্রশিক্ষণের ফলাফল বিশ্লেষণ ও পরবর্তী বছরের পরিকল্পনা গ্রহণ করা হবে।

পরিশিষ্ট-৩

নিজস্ব ব্যবস্থাপনায় কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচি

প্রশিক্ষণের সিলেবাস

ক্রম	দিন	বিষয়বস্তু	কার্যক্রম	অ্যাসাইনমেন্ট	মন্তব্য
০১	প্রথম মডিউল	কম্পিউটারের সাধারণ পরিচিতি	উদ্বোধনী, পূর্বজ্ঞান যাচাই।		
			কম্পিউটার অন, অফ ও উইন্ডোজ পরিচিতি		
			হার্ডওয়ার সফটওয়ার পরিচিতি। বিভিন্ন যন্ত্রাংশের নাম, মাউস ও কি বোর্ড পরিচিতি। নির্দিষ্ট নামে ফোল্ডার ফাইল খোলা।	৩ পৃষ্ঠা ইংরেজি টাইপ করতে হবে।	
০২	দ্বিতীয় মডিউল	পাওয়ার পয়েন্ট	পুনরালোচনা। পাওয়ার পয়েন্টের উইন্ডো পরিচিতি। Home মেনু পরিচিতি (টেক্সট লেখা রং করা ছোট, বড়, কপি, পেস্ট করা। অভ্র কিবোর্ড ব্যবহার করে বাংলা টাইপিং	জাতীয় সংগীতসহ বাংলায় কমপক্ষে ৭ টি স্লাইড তৈরি	
০৩	তৃতীয় মডিউল	পাওয়ার পয়েন্ট	পুনরালোচনা। Insert মেনু পরিচিতি (Table , Picture, Shape,Text Box, Title, Caption যুক্ত করা। Anination, স্লাইড সমূহের বর্ণনা।	১ টি পূর্ণ ডিজিটাল কন্টেন্ট/ পাঠ তৈরি করা	
০৪	চতুর্থ মডিউল	ইন্টারনেট পরিচিতি	অ্যাসাইনমেন্ট উপস্থাপন, পুনরালোচনা। ইন্টারনেট সংযোগ, ব্রাউজার ব্যবহার করে তথ্য অনুসন্ধান করা। প্রয়োজনীয় ছবি বা চিত্র ডাউনলোড করা। পাঠ্যপুস্তকের ব্যবহার।	ছবিসহ ২ টি পূর্ণ ডিজিটাল কন্টেন্ট/ পাঠ তৈরি করা।	
০৫	পঞ্চম মডিউল	ইন্টারনেট পরিচিতি	অ্যাসাইনমেন্ট উপস্থাপন, পুনরালোচনা। Animation & Design মেনু। ভিডিও ডাউনলোড ও ভিডিও স্লাইডে অন্তর্ভূক্ত করণ। ই-মেইল খোলা।	ভিডিওসহ ১টি পূর্ণ ডিজিটাল কন্টেন্ট/ পাঠ তৈরি করা। নিজ বিদ্যালয়ের সকল শিক্ষকের ই-মেইল খোলা ও তথ্য আদান প্রদান করা	
০৬	ষষ্ঠ মডিউল	ইন্টারনেট পরিচিতি	অ্যাসাইনমেন্ট উপস্থাপন, পুনরালোচনা। ছবি ও ভিডিও এডিটিং। শিক্ষক বাতায়ন ও সামাজিক যোগাযোগ মাধ্যম।	ডিজিটাল কন্টেন্ট/ পাঠ তৈরি করে শিক্ষক বাতায়নে আপলোড ও ডাউনলোড করা।	
০৭	সপ্তম মডিউল	অনলাইন ডাটা ম্যানেজমেন্ট	অ্যাসাইনমেন্ট উপস্থাপন, পুনরালোচনা। ই-প্রাইমারি স্কুল ডাটা যাচাই , E APSC, অন লাইন বই বিতরণ, ন্যাশনাল ওয়েব পোর্টাল, ডিজিটাল বই। শিক্ষা সংক্রান্ত ওয়েবসাইটসমূহ পরিচিতি।	অনলাইনে বিদ্যালয় ও শিক্ষক তথ্য যাচাই ও সংশোধন ।	
০৮	অষ্টম মডিউল	এম.এস. ওয়ার্ড	অ্যাসাইনমেন্ট উপস্থাপন, পুনরালোচনা। এম.এস ওয়ার্ডের Home, Insert ও Page Layout, File মেনু পরিচিতি।	১ টি আবেদন/ দাপ্তরিক চিঠি ই-মেইলে প্রেরণ।	
০৯	নবম মডিউল	এম.এস. এক্সেল	অ্যাসাইনমেন্ট উপস্থাপন, পুনরালোচনা। বিভিন্ন প্রোগ্রামে টেবিলের ব্যবহার। ও এক্সেলের প্রাথমিক ধারনা।	বিদ্যালয়ের ফলাফল সিট তৈরি।	
১০	দশম মডিউল	সার্বিক আলোচনা ও মূল্যায়ন	অ্যাসাইনমেন্ট উপস্থাপন, সার্বিক আলোচনা, মূল্যায়ন, সমাপনি, সনদ প্রদান।	সপ্তাহে কমপক্ষে ১ টি ডিজিটাল কন্টেন্ট তৈরি করে শ্রেণিকক্ষে ব্যবহার, শিক্ষক বাতায়নে আপলোড ও ইমেইলে প্রেরণ।	